গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
ঢাকা কেন্দ্র
রামপুরা, ঢাকা।

# সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের গীতিকার, সুরকার ও সঙ্গীত পরিচালকদের সাথে অনুষ্ঠিত কর্মশালা/মতবিনিময় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| তারিখ | : ৩০.১২.২০২১ |
| সময় | : সকাল ১০:০০ থেকে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত |
| স্থান | : বিটিভি, ঢাকা কেন্দ্রের সভাকক্ষ |
| সভাপতি | : জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট- 'ক' |

গত ৩০.১২.২০২১ তারিখ বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের অনুষ্ঠান (সঙ্গীত) শাখার গীতিকার, সুরকার ও সঙ্গীত পরিচালকদের নিয়ে অংশীজনের অংশগ্রহণে এক কর্মশালা/মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ টেলিভিশন ঢাকা কেন্দ্রের জেনারেল ম্যানেজার জনাব নাসির মাহমুদ সভায় সভাপতিত্ব করেন। সভায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন অনুষ্ঠান অধ্যক্ষ (প্রশাসন) জনাব নূর আনোয়ার হোসেন, অনুষ্ঠানের সঞ্চালকের দায়িত্ব পালন করেন অনুষ্ঠান অধ্যক্ষ (পান্ডুলিপি) জনাব মো: মাহফুজার রহমান এবং আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা) জনাব জগদীশ চন্দ্র এষ ও অনুষ্ঠান অধ্যক্ষ জনাব মোছা: মাহফুজা আক্তার। সভার শুরুতে জেনারেল ম্যানেজার স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। তিনি বলেন, যতক্ষণ পর্যন্ত অংশীজনের অংশগ্রহণ সম্পূর্ণ না হবে ততক্ষণ না পর্যন্ত সর্বমান সরকারের মূল লক্ষ্য অর্জন করা সম্ভব হবে না। বিটিভির অনুষ্ঠানের ০২ (দুই) টি সেগমেন্ট হলো সঙ্গীত ও নাটক। শিল্পী নির্বাচন প্রক্রিয়া, গীতিকার নির্বাচন সহ সামগ্রিক বিষয়ে পরামর্শ চেয়ে উপস্থিত গীতিকার, সুরকার ও সঙ্গীত পরিচালকসহ সবাইকে মতামত প্রদানের অনুরোধ করেন।

এরপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন) জনাব নূর আনোয়ার হোসেন। তিনি বলেন তাল, লয়, সুর এই সুসংবদ্ধ শ্রেণীর সৃষ্ট শ্রবণ কলার সমন্বয়ে সৃষ্টি হয় সংগীত। প্রাণবন্ত বানী ও সুর মিলেও সংগীত সৃষ্টি করে। এই ধ্রুপদী কলাকে আমরা আধুনিকতার নামে কি চটুল করে ফেলছি সে বিষয়ে মতামত চেয়ে উপস্থিত গুনীজনদের আলোচনার আহবান জানান।

| ক্র: নং | আলোচনা |
|---|---|
| ১. | সুরকার ও সঙ্গীত পরিচালক জনাব সুজেয় শ্যাম আলোচনায় অংশগ্রহণ করেন বলেন, বর্তমানে গীতিকার ও সুরকারের মধ্যে আন্তরিকতা কমে যাওয়ায় ভাল মৌলিক সঙ্গীত হচ্ছে না। এছাড়াও শিল্পীদের নতুন কিছু জানার আগ্রহ ও কাজের মনোযোগ কম থাকায় ভালো মৌলিক গান নির্মাণ হয় না। তিনি পুরানো নামকরা সুরকারদের দিয়ে সেমি ক্ল্যাসিকাল গান করার প্রস্তাব করেন। তিনি এ সপ্তাহের গান, এ মাসের গান, এ পক্ষের গান ও দিনের সেরা গান এভাবে ০৪ টি গানের অনুষ্ঠান নির্মানের প্রস্তাব করেন। |
| ২. | গীতিকার জনাব হাসান মতিউর রহমান বলেন, দেশে কিছু গান হয় মৌলিক ও কিছু গান হয় বাণিজ্যিক। বিটিভিতে আগে অনেক বেশি মৌলিক গান ভাল হতো। বর্তমানে বিটিভিতে সংগীত প্রচারের জন্য মৌলিকত্ব যাতে প্রতিফলিত হয় সেদিকে নজরদারির ব্যবস্থা করতে হবে। তবে সময়ের সাথেও বিটিভির গানগুলো সময়োপযোগী করা উচিত। গান বাংলা চ্যানেলে প্রচারিত গান গুলোর মতো করে পুরোনো গানগুলো নতুনভাবে উপস্থাপন ও প্রচারের ব্যবস্থার প্রস্তাব করেন। যে সকল গীতিকার তালিকাভূক্ত হয়েছেন তাঁদের সবাইকে ০২ (দুই) টি নতুন গান চেয়ে চিঠি পাঠানোর ব্যবস্থা করেন। এর মধ্য থেকে বাছাইকৃত গানগুলো নিয়ে নতুন গানের অনুষ্ঠান নির্মানের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। |
| ৩. | বিটিভিতে ছোটদের অনুষ্ঠান গুলোতে মৌলিকগান সংযোজন করতে প্রস্তাব করেন এবং কিছু গান ফিলার আকারে প্রচারের ব্যবস্থা করা, গীতিকার, সুরকারদের সাক্ষাৎকার নিয়ে তাঁদের বাছাইকৃত ০৮টি গানের সমন্বয়ে একটি মৌলিক গানের অনুষ্ঠান করার প্রস্তাব দেন এবং মৃত্যুক্ষুধা, শুকতারার মত প্রচারিত নাটকসহ বর্তমানে প্রচারিতব্য সকল নাটকে আবহ সঙ্গীত হিসেবে নিজস্ব কিছু মৌলিক গান যুক্ত করার প্রস্তাব করেন, সুরকার ও সঙ্গীত পরিচালক জনাব লোকমান হাকিম |

চলমান পাতা-২

| | |
|---|---|
| ৪. | কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার জনাব মোছা: মাহফুজা আক্তার বিটিভির নাটকগুলোর আবহ সঙ্গীতে নতুন করে মৌলিক গানের অডিও করে যুক্ত করা হয় । এছাড়াও তিনি জানান শীঘ্রই নতুন মৌলিক গানের অনুষ্ঠান নির্মাণের পরিকল্পনা কর্তৃপক্ষের রয়েছে মর্মে অবহিত করেন । |
| ৫. | সুরকার ও সঙ্গীত পরিচালক জনাব আনিসুর রহমান তনু বলেন, গীতিকার নির্বাচন, সুরকার নির্বাচন অনুষ্ঠান প্রচার সময় সঠিক ভাবে নির্ধারণ করতে হবে, বিটিভির নিজস্ব বাদ্যযন্ত্রের অভাব রয়েছে তা পুরণে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহবান জানান, বিটিভিতে রেকর্ডিষ্ট-এর অভাব এবং গানের সুর ভালো না হওয়ার কারণে ভালো মৌলিক গান হচ্ছে না, প্রচার সময় সঠিক না হওয়া ভাল মৌলিক গানের জনপ্রিয় হচ্ছে না, গানের অনুষ্ঠানের উপস্থাপনার ধরণে পরিবর্তন আনতে হবে, বিটিভিতে সুরকার ও গীতিকারদের অতীতে কার কতটুকু অবদান ছিল তা সন্ধান করে তাঁদের কর্মের মুল্যায়ন এবং পরামর্শ নিয়ে সঙ্গীতের অনুষ্ঠান করার প্রস্তাব করে । |
| ৬. | গীতিকার জনাব লিয়াকত আলী বিশ্বাস বলেন সুরকার ও গীতিকারদের জন্য আলাদা বসার জন্য ব্যবস্থা করতে হবে যাতে তারা বসে নতুন নতুন গান তৈরি করতে পারে । এছাড়াও তিনি-সঙ্গীতানুষ্ঠানের সংখ্যা বাড়ানোর, সঙ্গীত সহায়ক পরিবেশ তৈরি, রিহার্সশেলের ব্যবস্থার, গীতিকারের সম্মানী বাড়ানোর প্রস্তাব করেন । |
| ৭. | গীতিকার জনাব মিল্টন খন্দকার তাঁর বক্তব্যে গীতিকবি/গীতিকার এর সম্মানী (রয়েলিটি) রাড়ানোর প্রস্তাব করেন। এছাড়াও তিনি গীতিকার, সুরকার ও প্রযোজকদের মধ্যেকার সর্ম্পক আরো উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন এবং তিনি গানের অনুষ্ঠানগুলো এ সপ্তাহের গান, এ মাসের গান, এ পক্ষের গান এভাবে গানের অনুষ্ঠান নির্মান ও প্রচারের প্রস্তাব করেন । |
| ৮. | বিশিষ্ট সুরকার ও সঙ্গীত পরিচালক জনাব শেখ সাদী খান বিটিভির সকল কর্মকর্তা, কলাকুশালী, সুরকার, গীতিকার , শিল্পীদের সমন্বিত উদ্যোগে বিটিভিকে সামনের দিকে এগিয়ে নেয়ার আহবান জানান । তিনি উল্লেখ করেন Music is Magic এটাকে বিটিভিতে অনুসরণ করলে আরো ভালো মানের গানের অনুষ্ঠান নির্মিত হবে। এছাড়াও তিনি সঙ্গীতে রেকর্ডিং সময় সমস্যা, সময় মতো অনুষ্ঠানের সেট তৈরি না হওয়াকেও ভালো সঙ্গীত নির্মাণের অন্তরায় বলে মনে করেন। তিনি প্রোগ্রাম পরিকল্পনা আরো শক্তিশালী করার আহবান জানান । |
| ৯. | গীতিকার জনাব সাগর চৌধুরী বিটিভির বয়োজ্যেষ্ঠ গীতিকারদের কাছ থেকে কিভাবে গানের কাঠামো তৈরি হবে , কিভাবে গান লিখবে বা মৌলিক গানের প্রকৃত কাঠামো কি ইত্যাদি বিষয়গুলো সর্ম্পকে জানার জন্য নতুন গীতিকারদের প্রতি আহবান জানান এবং গীতিকারদের গান লেখার ক্ষেত্রে প্রভাবিত না হওয়া ও গীতিকারদের সঠিকভাবে মুল্যায়নের ব্যবস্থার প্রস্তাব করেন । |
| ১০. | সমাপনী বক্তব্যে পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা) জনাব জগদীশ চন্দ্র এষ জানান, ভালো গানের ক্ষেত্রে প্রথম কলি অর্থাৎ শুরুটা খুব গুরুত্বপূর্ণ । এদিকে মনোযোগ দিতে হবে । তিনি বিটিভিকে আরো মৌলিক গান নির্মাণের দিকে এগোতে হবে, মৌলিক গানের নির্মানের ক্ষেত্রে সঠিক ও যুগোপযোগ পরিকল্পনা, প্রযোজকদের মৌলিক গান নির্মাণে গীতিকার ও সুরকারদের সাথে সমন্বয় করে অগ্রগণ্য অর্থাৎ কান্ডারী ভূমিকা পালন করে মৌলিক গান নির্মাণ কর, বিটিভিকে নতুন নতুন সুরকার, গীতিকার ও শিল্পীদের প্লাটফর্ম তৈরি করা, গান সিলেকশনের ক্ষেত্রে একটা প্রক্রিয়া তৈরি করতে হবে। তিনি আরো বলেন, সুরকার, গীতিকার ও শিল্পীদের সঠিক অবস্থান নিয়ে নতুন মৌলিক গানের বিষয়ে ভূমিকা রাখার আহবান জানান । তিনি প্রতিটি গানের অনুষ্ঠানের আগে অর্থাৎ প্রি-প্রোডাকশনের সময় গীতিকার, সুরকার, শিল্পী নিয়ে প্রযোজকদের সাথে মিটিং করার আহবান জানান। |

চলমান পাতা-৩

৭৬

০২. সিদ্ধান্ত :

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ণকারী |
|---|---|---|
| ১. | পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা), জেনারেল ম্যানেজার ঢাকা কেন্দ্র, অনুষ্ঠান অধ্যক্ষ (সঙ্গীত) ও অনুষ্ঠান অধ্যক্ষ (পান্ডুলিপি) সভায় উপস্থিত গীতিকার, সুরকার ও সঙ্গীত পরিচালকদের প্রস্তাব/মতামতসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করে সঙ্গীতের মান যুগোপযোগী করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।<br>(ক) বিটিভিতে আরো মৌলিক গান নির্মাণ করতে হবে এবং মৌলিক গান নির্মাণের ক্ষেত্রে যুগোপযোগী পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>(খ) বিটিভিকে নতুন নতুন সুরকার, গীতিকা ও শিল্পীদের নিয়ে প্লাটফর্ম তৈরি করতে হবে ।<br>(গ) প্রয়োজকদের মৌলিক গান নির্মাণে গীতিকার ও সুরকারদের সাথে সমন্বয় করে অগ্রগণ্য অর্থাৎ কান্ডারীর ভূমিকা পালন করে মৌলিক গান নির্মাণ করার নির্দেশনা প্রদান করা হয় ।<br>(ঘ) মৌলিক গান তৈরির ক্ষেত্রে গীতিকার, সুরকার , সঙ্গীত পরিচালক ও শিল্পীদের সমন্বয় একাধিক মহড়া ব্যবস্থা গ্রহণ করতে হবে । | পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা), অনুষ্ঠান অধ্যক্ষ (প্রশাসন), অনুষ্ঠান অধ্যক্ষ (সঙ্গীত), অনুষ্ঠান অধ্যক্ষ (পান্ডুলিপি) ও প্রযোজকবৃন্দ |

০৩. সর্বশেষে পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা) জনাব জগদীশ চন্দ্র এষ বিটিভিতে মৌলিক গান তৈরির ক্ষেত্রে গীতিকার, সুরকার, সঙ্গীত পরিচালক ও শিল্পীদের সমন্বয়ে বাস্তবমূখী পদক্ষেপ গ্রহণ করার জন্য সকল প্রযোজকদের প্রতি আহবান জানান । আর কোন আলচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বা:/-
নাসির মাহমুদ
জেনারেল ম্যানেজার (অ: দা:)

বিতরণ:
০১। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ, বিটিভি ।

ডিটিভিএ-৮৯/ তারিখ: পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

০১। পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা) বিটিভি, সদর দপ্তর, রামপুরা, ঢাকা ।
০২। কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন), বিটিভি, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা ।
০৩। কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (সঙ্গীত), বিটিভি, ঢাকা কেন্দ্র ।
০৪। কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (পান্ডুলিপি),বিটিভি, ঢাকা কেন্দ্র ।
০৫। জেনারেল ম্যানেজার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।
০৬। কার্যালয় নথি ।

১২/০১/২২
(মো: নোমান মাতুব্বর)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩২১১১ (অফিস)

# সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভা/কর্মশালা

| | |
|---|---|
| তারিখ | ৩০-১২-২০২১ খ্রিঃ |
| সময় | সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত |
| স্থান | বিটিভি, ঢাকা কেন্দ্রের সভা কক্ষ |

উপস্থিতি স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | স্বাক্ষর |
|---|---|---|
| **আলোচক, মূল প্রবন্ধ উপস্থাপনকারী, সঞ্চালক ও র‍্যাপেটিয়ার:** | | |
| ১. | জনাব নাসির মাহমুদ<br>জেনারেল ম্যানেজার | |
| ২. | জনাব জগদীশ চন্দ্র এষ<br>পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা) | |
| ৩. | জনাব মোছাঃ মাহফুজা আক্তার<br>কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (নাটক) | |
| ৪. | জনাব নূর আনোয়ার হোসেন<br>কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন) | |
| ৫. | জনাব মো: মাহফুজার রহমান<br>কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (চঃ দাঃ) | |
| ৬. | জনাব মো: নোমান মাতুব্বর<br>সহকারী পরিচালক (প্রশাসন) | |
| ৭. | জনাব গৌতম কুমার কর্মকার<br>অডিয়েন্স রিসার্চ অফিসার/স্ক্রিপ্ট এন্ড মনিটরিং এডিটর | |
| **অংশীজন কর্মকর্তা:** | | |
| ৮. | জনাব শেখ সাদী খান<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ৯. | জনাব আনিসুর রহমান তনু<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১০. | জনাব মকসুদ জামিল মিন্টু<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |

চলমানা পাতা-০২

| ক্রমিক নং | নাম ও পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | স্বাক্ষর |
|---|---|---|
| ১১. | জনাব শতকত আলী ইমন<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১২. | জনাব নকীব খান<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১৩. | জনাব লোকমান হাকিম<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১৪. | জনাব মোঃ ইসহাক<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১৫. | জনাব সালমা আকবর<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১৬. | জনাব এনামুল হক টিংকু<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১৭. | জনাব মনির হোসেন<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১৮. | জনাব সুজিত মুস্তফা<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ১৯. | জনাব খায়রুল আলম শাকিল<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ২০. | জনাব সুজেয় শ্যাম<br>সুরকার ও সঙ্গীত পরিচালক | |
| ২১. | জনাব হাসান মতিউর রহমান<br>গীতিকার | |
| ২২. | জনাব লিয়াকত আলী বিশ্বাস<br>গীতিকার | |
| ২৩. | জনাব কবির বকুল<br>গীতিকার | |

চলমানা পাতা-০৩

| ক্রমিক নং | নাম ও পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | স্বাক্ষর |
|---|---|---|
| ২৪. | জনাব সৈয়দ জামান<br>গীতিকার | |
| ২৫. | জনাব মিল্টন খন্দকার<br>গীতিকার | |
| ২৬. | জনাব আসমা টগর<br>গীতিকার | |
| ২৭. | জনাব সাগর চৌধুরী<br>গীতিকার | |

<u>সহায়ক স্টাফ:</u>

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ২৮. | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন<br>সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | |
| ২৯. | জনাব মোঃ ইসহাক হোসেন<br>অফিস সহকারী (চুঃ ভিঃ) | |
| ৩০. | জনাব মোঃ এমদাদুল হক<br>অফিস সহায়ক | |